৩৫

দৈনিক ইত্তেফাক

তারিখ ...3 1 JUL 1993 ...
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ৫ ...

# ছাত্রদের নকল প্রবণতা বন্ধ করিতে হইবে

—সাইফুর রহমান

অর্থমন্ত্রী এম সাইফুর রহমান বলিয়াছেন, নকল প্রবণতা সৃজনশীল প্রতিভাকে ধ্বংস করে, ছাত্রদের সহজাত মেধার সুষ্ঠু বিকাশের স্বার্থে এই দুষ্ট ব্যাধির মূলোৎপাটন (শেষ পৃঃ ৭-এর কঃ দ্রঃ)

## সাইফুর রহমান

(১ম পৃঃ পর)

একান্ত বাঞ্ছনীয়। গত বৃহস্পতিবার মন্ত্রী সিলেটের এইডেড হাইস্কুলের ছাত্র-শিক্ষকদের এক সমাবেশে বক্তৃতাকালে বলেন, ছাত্র, শিক্ষক অভিভাবকদের সম্মিলিত প্রয়াস ও সঠিক দৃষ্টিভংগী গ্রহণের মাধ্যমে আমরা নকল বন্ধ করিতে পারি। মন্ত্রী বিদ্যালয়ের বিভিন্ন সমস্যার কথা শোনেন এবং বিদ্যালয়ের নতুন ভবন নির্মাণে সরকারের তরফ হইতে সম্ভব সকল আর্থিক সাহায্যের আশ্বাস দেন।

মন্ত্রী বন্যায় সিলেট জেলার সবচেয়ে ক্ষতিগ্রস্ত বালাগঞ্জ ও সদর থানার বিভিন্ন এলাকা সফর করেন এবং ক্ষতিগ্রস্ত জনগণের মাঝে ত্রাণ সামগ্রী বিতরণ করেন।

অর্থমন্ত্রীর স্ত্রী বেগম দুররে সামাদ রহমান, খোন্দকার আবদুল মালেক এমপি, মিসেস খালেদা-রব্বানী এমপি এবং বিএনপি চেয়ারপার্সোনের বিশেষ সহকারী হারেস চৌধুরী অর্থমন্ত্রীর সাথে ত্রাণ সামগ্রী বিতরণে অংশগ্রহণ করেন। —তথ্য বিবরণী